



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.২৬২

তারিখ: ২৬/০৯/২০২১খ্রিঃ


বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে করোনা সংক্রমণ রোধ

উপর্যুক্ত বিষয়ের আলোকে, সার্বিক পরিস্থিতি বিবেচনা করে গত ১২/০৯/২০২১ খ্রি. তারিখ থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে পুনরায় শ্রেণি কার্যক্রম শুরু হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালুকরণের জন্য একটি 'গাইডলাইন', নির্দেশিকা এবং স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) জারী করা হয়েছে। এছাড়াও মনিটরিং চেকলিস্টের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান হতে দৈনিক ভিত্তিতে তথ্য সংগ্রহ করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হচ্ছে। করোনা সংক্রমণ রোধে আরও কিছু পদক্ষেপ গ্রহণ করা জরুরী:

১. সকল শিক্ষক শ্রেণি কক্ষে প্রবেশের পর প্রথমেই শিক্ষার্থীদের স্বাস্থ্য সম্বন্ধে খোঁজ-খবর নেবেন;
২. শিক্ষার্থীর পরিবারের কেউ করোনা আক্রান্ত বা করোনার কোন লক্ষণ (জ্বর, সর্দি, কাশি ইত্যাদি) আছে কিনা তার খোঁজ নেবেন;
৩. কোন শিক্ষার্থী বা তার পরিবারের কেউ করোনা বা করোনার লক্ষণাক্রান্ত হয়ে থাকলে দ্রুত সেই শিক্ষার্থীকে আইসোলেশনে রেখে বাড়িতে পাঠানোর ব্যবস্থা করবেন;
৪. প্রতিষ্ঠান প্রধান ঐ শ্রেণি কক্ষের শিক্ষক এবং সকল শিক্ষার্থীর দ্রুততম সময়ের মধ্যে করোনা টেস্ট করার ব্যবস্থা গ্রহণ করবেন।

এমতাবস্থায়, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল); উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল); জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা) এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল উপজেলা/থানা) কে তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে বিষয়টি অবহিতকরণ, বাস্তবায়নে তত্ত্বাবধান এবং সর্বোচ্চ গুরুত্বের সাথে তদারকি ও প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধান  
সকল সরকারি/বেসরকারি


  
26.09.2021  
(প্রফেসর মো: আমির হোসেন)  
পরিচালক  
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.২৬২

তারিখ: ২০/০৯/২০২০

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (কলেজ ও প্রশাসন/ মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, .....
৩. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
৪. মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
৬. উপপরিচালক (সাধারণ প্রশাসন/ মাধ্যমিক/ মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৭. উপপরিচালক (আঞ্চলিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, .....
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর [পত্রটি (সংযুক্ত পত্রসহ) অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৯. জেলা শিক্ষা কর্মকর্তা, .....
১০. উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, .....
১১. পিএ টু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১২. সংরক্ষণ নথি

  
24/09/2021  
(মোহছেনা বেগম)  
সহকারী পরিচালক  
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা